গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
**উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

বিষয় : **উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. মো: আবুল কালাম আজাদ
মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও চেয়ারম্যান, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সম্মেলন কক্ষ।
তারিখ : ২৫ জানুয়ারি ২০২৪; সময়: বেলা ০৩-০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। পুনর্গঠিত উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের নতুন সদস্যগণ প্রত্যেকে তাদের নিজ নিজ পরিচয় প্রদান করেন। অত:পর বোর্ডের কার্যক্রমের ওপর সম্পন্নকৃত কার্যক্রমসমূহ ড. মোছা: ফাহমিদা বেগম উপস্থাপন করেন। কার্যক্রম জ্ঞাত হওয়ার পর চেয়ারম্যান জানতে চান এই মুহর্তে বোর্ডের কি কি কার্যক্রম গ্রহণ করা যেতে পারে?

জনাব মো: গিয়াস উদ্দিন, অবসরপ্রাপ্ত বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা সচিব পদমর্যাদা, গ্রেড-১ ও সদস্য, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড বলেন যে, বোর্ডকে আরো গতিশীল ও শক্তিশালী করার লক্ষ্যে প্রতি দুইমাস অন্তর অন্তর নিয়মিত বোর্ডের সভা করতে হবে। ড. মোছা: ফাহমিদা বেগম বলেন যে, জনবল নিয়োগের ব্যাপারে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে এবং আগের কমিটি দেখে কমিটি পুনর্গঠন করতে করতে হবে এবং TOR ঠিক থাকবে। তিনি আরো বলেন বোর্ডের সভা সকাল ১০.০০-১১.০০ ঘটিকায় আয়োজিত হলে ভাল হয়অ বোর্ডের দাপ্তরিক কাজ কর্মের জন্য আলাদা কক্ষের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সাইনবোর্ড লাগাতে হবে। তিনি কক্সবাজার জেলায় চলমান স্কিলফো কর্মসূচি পরিদর্শনের প্রস্তাব করেন এবং সেটা রমজানের আগে মার্চের ১ম সপ্তাহে কক্সবাজার জেলার কার্যক্রম পরিদর্শন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

জনাব রতন চন্দ্র পন্ডিত, অতিরিক্ত সচিব (অবসর) ও সদস্য উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড জানতে চান বোর্ড কি কাজ করবে তার কোন কার্যক্রম গ্রহণ করা হয়েছে কিনা? পরবর্তী মিটিং এ অন্যান্য প্রতিষ্ঠানের সীলের নমুনা সংগ্রহ করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ব্যুরোর পরিচালক পরিকল্পনা জনাব মোহাম্মদ রুকুনুদ্দীর সরকার বলেন কক্সবাজার জেলায় একটি স্কিলফো কর্মসূচির কারিকুলাম প্রণয়ন করা যাবে এবং সার্টিফিকেশন করা যাবে। জনাব ড. সোয়াইব আহমেদ, অধ্যাপক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, সদস্য উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড বলেন যে, ২১ ফেব্রুয়ারি উপলক্ষ্যে বোর্ডের একটি সেমিনার আয়োজন করা যেতে পারে। এতে করে বোর্ড সম্পর্কে অবহিত করা হবে। অপর সদস্য জনাব সেলিনা আখতার, মহাসচিব, জাতীয় প্রতিবন্ধী ফোরাম ও জাতীয় প্রতিবন্ধী ক্রীড়া সমিতি ও সদস্য উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড বলেন যে, প্রতিবন্ধী শিশু কিশোরদের নিয়ে একটি কনসেপ্ট পেপার উপস্থাপন করা যেতে পারে এবং তাদেরকে বিভিন্ন কার্যক্রমের আওতায় নিয়ে আসার আশাবাদ ব্যাক্ত করেন। বোর্ডের বিভিন্ন সভাসহ ব্যুরোর অন্যান্য সভায় মুক্তা পানি ব্যবহারের জন্য তিনি অনুরোধ জানান। তিনি বলেন যে স্বয়ং প্রধানমন্ত্রী মুক্তা পানি ব্যবহার করেন।

প্রকৌশলী মো: জয়নাল আবেদিন, পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর ও সদস্য, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কারিগরি শিক্ষা বোর্ড প্রি-ভোকেশনাল ১ও ২ কিভাবে বাস্তবায়িত হবে সে বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে। এর প্রশ্নের আলোকে পরিচালক (পরিকল্পনা) বলেন যে বর্তমানে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কয়েকজন কর্মকর্তা এবং ৪-৫ জন সদস্য দিয়ে বোর্ড এর কার্যকরী কমিটি গঠন করে বোর্ডের কার্যক্রম শুরু করতে হবে

ড. শেখ মোহ: রেজাউল ইসলাম, অতিরিক্ত সচিব (অবসর) ও সদস্য উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড বলেন যে, প্রশিক্ষন মডিউলের মধ্যে কৃষিকে অন্তর্ভুক্ত করার সুপারিশ করেন এবং বোর্ডের কার্যক্রম প্রচার প্রসারের জন্য তিনি অগ্রণী ভূমিকা পালন করবেন. সদস্য সচিব জনাব মু. নুরুজ্জামান শরীফ এনডিসি, ব্যুরোর পরিচালক (পরিকল্পনা) কে বোর্ডের কমিটিতে কো-অপ্ট করার প্রস্তাব করেন। অত:পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত/সুপারিশমালা গৃহীত হয়:

সিদ্ধান্ত/সুপারিশমালা:

১। বোর্ডের সভা সকাল ১০ হতে ১১টার মধ্যে শুরু করা হবে;

২। প্রতি ২ (দুই) মাসে একবার সভা আহবান করতে হবে;

৩। বোর্ডের জন্য উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র নীচ তলায় ১-২টি কক্ষ বরাদ্দ দিতে হবে;

৪। বোর্ডকে কার্যকরী করার জন্য ব্যুরোর কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করে করে বোর্ডকে চালু করতে হবে;

৫। বোর্ডের জনবল নিয়োগের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করার জন্য বোর্ডের সম্মানিত সদস্যগন সার্বিক সহযোগিতা প্রদান করবেন;

৬। কক্সবাজারে স্কিল-ফো প্রোগ্রামের শিক্ষার্থীদের সার্টিফিকেশন উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের মাধ্যমে প্রদান করা হবে;

৭। উপানুষ্ঠানিক শিক্ষা আইন-২০১৪ এ প্রি-ভোকেশনাল ১ ও ২ এর স্থলে প্রি-ভোকেশনাল করার জন্য আইন সংশোধন করত হবে;

৮। বোর্ডের বিষয়ে ২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ একটি সেমিনার আয়োজন করতে হবে।

৯। রমজানের পূর্বে মার্চ/২৪ এর ১ম সপ্তাহে কক্সবাজার স্কিল-ফো কর্মসূচি পরিদর্শনের কার্যক্রম গ্রহণ করতে হবে;

১০। আগামী সভা মার্চ/২৪ এর ১ম সপ্তাহে বোর্ডের সভা কক্সবাজার জেলায় আয়োজন করতে হবে;

১১। বোর্ডের কার্যক্রম দ্রুত সম্পাদনের জন্য বোর্ডের সদস্যগণ ও বেসরকারি সংস্থার বিশেষজ্ঞদের নিয়ে কয়েকটি কমিটি গঠন করতে হবে;

১২। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সভা/সেমিনারে মুক্তা পারি ব্যবহার করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(ড. মো: আবুল কালাম আজাদ)
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ও
চেয়ারম্যান, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
ফোনঃ ০২-২২৬৬০১১১০
e-mail: dg@bnfc.gov.bd

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০৭.১৬.১০৬.২২- ৯৫৮

তারিখ: ২৬ মাঘ ১৪৩০ ব.
০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

**সদয় জ্ঞাতার্থে:**

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন, অর্থ ও বাস্তবায়ন), উশিব্যু, সদস্য-সচিব, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২। যুগ্ম-সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। ড. সোয়াইব আহমেদ, অধ্যাপক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৪। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা;
৫। পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা;
৬। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এরিয়া, ঢাকা;
৭। রেজিষ্টার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (পদাধিকার বলে), ১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা;
৮। অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, প্লট-৬, বড়বাগ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬;
৯। ড. মো: রেজাউল ইসলাম, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত), বাড়ীনং-১৪, রোড-৬, রূপনগর আবাসিক এলাকা, মিরপুর-১২১৬;
১০। জনাব মো: গিয়াস উদ্দিন আহমেদ, অবসরপ্রাপ্ত বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সচিব পদমর্যাদা, গ্রেড-১), ফ্ল্যাট#৭/সি, ১০, ইস্কাটন গার্ডেন রোড, রমনা ঢাকা।
১১। জনাব রতন চন্দ্র পন্ডিত, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত), ফ্ল্যাট#১এ, বাড়ী#১৯, রোড#০৩, ধানমন্ডি আ/এ, ঢাকা।
১২। ড. সেলিনা আখতার, মহাসচিব, জাতীয় প্রতিবন্ধী ফোরাম ও জাতীয় প্রতিবন্ধী ক্রীড়া সমিতি, বাড়ী-১০৮, রোড-৯/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা